



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
লাকসাম, কুমিল্লা।



(www.bbs.laksam.comilla.gov.bd)

স্মারক নং-৫২.০১.১৯৭২.০০০.০৭.০০১.২০-

তারিখ-১৩ জানুয়ারি ২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে 'জনশুমারি ও গৃহগণনা-২০২১' প্রকল্পে লাকসাম উপজেলার আট (০৮) টি ইউনিয়ন ও লাকসাম পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের মধ্য থেকে অগ্রহী শিক্ষিত ও বেকার যুব/যুব মহিলাদের মধ্য থেকে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুমারি/জরিপ চলাকালীন সময়ে গণনাকারী ও সুপারভাইজার পদে মনোনয়ন করা হবে।

ক্রমিক নং	পদের নাম	প্রাপ্ত ভাতাদি	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন, পারিতোষিক: ৮৫০০/- (ড্যাটসহ মোট)	০১. ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ০২. নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ০৩. স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্ক্রিন সাইজ ন্যূনতম ৫.০ ইঞ্চি হতে হবে। ০৪. ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ০৫. সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ০৬. পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
০২	তালিকাকারী/গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন, পারিতোষিক: ৮০০০/- (ড্যাটসহ মোট)	০১. ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ০২. নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ০৩. স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্ক্রিন সাইজ ন্যূনতম ৫.০ ইঞ্চি হতে হবে। ০৪. ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ০৫. সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ০৬. পূর্ববর্তী কোন শুমারিতে তালিকাকারী/গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

বি : দ্র: উল্লিখিত হার বর্তমান ডিপিপি মোতাবেক, তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এই ধরণের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.laksam.comilla.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে বন্ধ খামের উপর পদের নাম উল্লেখপূর্বক আগামী ২৩/০১/২০২০ খ্রি. তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে পৌঁছাতে হবে। আবেদনকারীদের আগামী ২৬/০১/২০২০ খ্রি. তারিখে সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিসংখ্যান কার্যালয়, লাকসামে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী দশ (১০) দিনে মোট ৪০০ (কম/বেশি) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী সাত (০৭) দিনে মোট ১২০ (কম/বেশি) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি পদে আবেদন করতে পারবেন।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- শুধু লিস্টিং অপারেশনের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে (www.bbs.laksam.comilla.gov.bd) প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
- মূল শুমারির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


২০/০১/২০২০
(এ.কে.এম সাইফুল আলম)

উপজেলা নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।

ও

সভাপতি

উপজেলা শুমারী কমিটি